বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৩০/২৮৮

তারিখ: ১৮ মাঘ ১৪৩২ / ০১ ফেব্রুয়ারী ২০২৬

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে

সূত্র : (১) জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা স্মারক নং: ০৫.৪৪.৮৭০০.০১৭.২১.০০২.২৫-৯০১(যুক্ত), তারিখ-১১.১১.২০২৫;
(২) এ কার্যালয়ের স্মারক নং-বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৩০/৫৬/১, তারিখ-১৫.১১.২০২১;
(৩) জেলা প্রশাসকের কার্যালয় (শিক্ষা শাখা), সাতক্ষীরা স্মারক নম্বর: ০৫.৪৪.৮৭০০.০২৩.০১.০০২.১৯.১৫৪-২১২ (যুক্ত), তারিখ- ২৩ মার্চ ২০২২;

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন আহছানিয়া মিশন আলিম মাদ্রাসার কমিটি বাতিল করাসহ সভাপতি নির্ধারণের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা হতে সূত্রোক্ত ১নং স্মারক অত্র বোর্ডে প্রেরন করা হয়েছে। বর্ণিত বিষয়ে বোর্ডে ইত:পূর্বে দাখিলকৃত কাগজপত্র ও নথি পর্যালোচনায় দেখা যায়, গত ১০.১০.২০২১ তারিখ চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর আহছানিয়া মিশন আলিম মাদ্রাসার সাধারণ সম্পাদক কর্তৃক আবেদন করা হয়। আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ২নং স্মারকে জেলা প্রশাসক, সাতক্ষীরা বরাবর তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সূত্রোক্ত ৩নং স্মারকে জেলা প্রশাসকের কার্যালয় (শিক্ষা শাখা), সাতক্ষীরা কর্তৃক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

০২। তদন্ত প্রতিবেদনে তদন্তকারী কর্মকর্তার মতামতে উল্লেখ করা হয়েছে যে, "আহছানিয়া মিশন আদর্শ আলিম মাদ্রাসা এমপিওভূক্ত হওয়ার পর হতে মাদ্রাসা শিক্ষা বোর্ডের নীতিমালা অনুযায়ী চলমান আছে বিধায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর ২৯ (২) ও (৩) ধারা মোতাবেক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ব্যক্তি কর্তৃক মাদ্রাসাটির সভাপতি হিসেবে দায়িত্ব পালনের চলমান ধারা অব্যাহত রাখা যেতে পারে।"

০৩। উল্লিখিত তথ্যাদি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে- ০৬ (ছয়) ফর্দ্দ

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৭.২.২৬

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

জেলা প্রশাসক
সাতক্ষীরা;

নং-বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-৩০/

তারিখ: ১৮ মাঘ ১৪৩২ / ০১ ফেব্রুয়ারী ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সাতক্ষীরা;
৩. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৪. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সাতক্ষীরা;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সাতক্ষীরা;
৬. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, আহছানিয়া মিশন আলিম মাদ্রাসা, সদর, সাতক্ষীরা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০১.০২.২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd